**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 02-10-2025** | **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** | **Compiling : Priya B.**
**DEO : KB** | **NR : Priya Biswakarma**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১/ আজ বিজয়া দশমী। দেবী উমার এবার কৈলাসে ফেরার পালা। মন্ডপে মন্ডপে চলছে মা দুর্গার বরণের প্রস্তুতি। # রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী, বিজয়া দশমী উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

২/ শহর ও জেলার নদীর ঘাটগুলিতে প্রতিমা নিরঞ্জনের জন্য প্রশাসনের তরফে যাবতীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। #এর প্রেক্ষিতে ৫'ই অক্টোবর পর্যন্ত নিয়ন্ত্রণ করা হচ্ছে চক্ররেল চলাচল।

৩/ কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৬-২৭ বিপণন মরসুমে রবি শস্যের ন্যূনতম সহায়ক মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

৪/ দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬-তম জন্মবার্ষিকী, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্‌যাপিত হচ্ছে।

৫/ নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের উপকূলীয় জেলা এবং উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে।

***********************************************************************

আজ বিজয়া দশমী। দেখতে দেখতে বাঙালীর প্রানের উৎসব, অন্তিম লগ্নে এসে উপস্থিত।

( দশমীর ঢাক )

দেবী উমা এবার ফিরে যাবেন কৈলাসে। বিদায় বেলায় তাই আকাশে বাতাসে বিষাদের সুর। মন্ডপে মন্ডপে চলছে দেবী বরণের প্রস্তুতি।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, বিজয়া দশমী উপলক্ষ্যে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

এদিকে, গতরাতে কলকাতা সহ সংলগ্ন এলাকায় দু-এক পশলা বৃষ্টি হলেও, উৎসাহে ভাটা পড়েনি মানুষের। শহর থেকে জেলা মন্ডপে মন্ডপে ছিল জন প্লাবন।

অন্যদিকে, গঙ্গার ঘাটগুলিতে আজ থেকে প্রতিমা নিরঞ্জন শুরু হচ্ছে। যে কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে প্রশাসনের তরফে যাবতীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। বাবুঘাট, দই ঘাট, বিচালি ঘাট, জাজেস ঘাট, বাগবাজার সহ শহরের বিভিন্ন গঙ্গার ঘাটগুলিতে নিরঞ্জন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে মোতায়েন করা হয়েছে বহু সংখ্যক পুলিশ কর্মী। রিভার ট্রাফিক পুলিশ গঙ্গাবক্ষ থেকে নজরদারি চালাবে। মোতায়েন থাকবে, বিপর্যয় মোকাবেলা দপ্তরের কর্মীরাও। গঙ্গাদূষণ রুখতে নিরঞ্জনের পরপরই প্রতিমার কাঠামো জল থেকে তুলে ফেলার বন্দোবস্ত করা হয়েছে। সক্রিয় কলকাতা পুরসভাও। যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখতে পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম গতকাল বাজেকদমতলা ঘাট পরিদর্শন করেন। কলকাতায় ভারী বৃষ্টির আশঙ্কার প্রেক্ষিতে মেয়র গতকাল পুরসভার সব বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের নিয়ে বৈঠক করেন। পরে সাংবাদিকদের তিনি বলেন, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যুর ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয়, সেজন্য পুজো কমিটিগুলিকে বিশেষভাবে সতর্ক থাকতে বলা হয়েছে। বিদ্যুৎ সংস্থা CESC-কে বিদ্যুতের খুঁটি ও ওয়ারিং পরীক্ষা করে দেখার জন্যও বলেছেন তিনি।

অন্যদিকে, নিরঞ্জন পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে যাবতীয় সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকার জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। নদীর ঘাটগুলিতে পর্যাপ্ত আলোর পাশাপাশি বিপর্যয় ব্যবস্থাপনা দপ্তরের কর্মী এবং ডুবুরি নিয়োগের কথাও বলা হয়েছে।

********************

রাজ্য প্রশাসনের অনুরোধে প্রতিমা নিরঞ্জনের জন্য আজ থেকে ৫-ই অক্টোবর পর্যন্ত এবং ৭ ও ৮-ই অক্টোবর পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন চক্ররেল চলাচলা নিয়ন্ত্রণ করবে। এই সময় শিয়ালদা-বিবাদী বাগ, বিবাদী বাগ-বারুইপুর লোকাল বাতিল থাকছে। ঘুরপথে চলার পাশাপাশি যাত্রা পথ সংক্ষিপ্ত করা হচ্ছে বেশ কয়েকটি ট্রেনের।

********************

অনুকূল আবহাওয়া থাকায় এবার পদ্ম ফুল বেশি হলেও পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া ফুলবাজারে রাজ্যের একমাত্র ফুল সংরক্ষনের হিমঘরটি চলতি পুজো মরশুমে চালু না হওয়ায় প্রচুর ফুল নষ্ট হয়েছে বলে সারা বাংলা ফুলচাষী ও ফুল ব্যবসায়ী সমিতি অভিযোগ করেছে। সমিতির সাধারণ সম্পাদক নারায়ন চন্দ্র নায়ক জানান, লকডাউনের সময় হিমঘরের বাইরের যন্ত্রাংশ চুরি হয়ে যাওয়ার কারণে সেটি বন্ধ রয়েছে। কয়েক মাস আগে টেন্ডারের কাজ হলেও এখনো হিমঘর না খোলায় ফুল চাষী ও ব্যবসায়ীরা ক্ষতির সম্মুখীন হলেন বলে তিনি জানান।

********************

শারদীয় দুর্গোৎসবের দিনগুলিতে মেট্রো রেল পঞ্চমী থেকে অষ্টমী পর্যন্ত বিভিন্ন করিডোরে সাড়ে ৩৫ লক্ষের বেশি যাত্রী বহণ করেছে।

শুধুমাত্র অষ্টমীর দিনই ব্লু লাইনে শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত অংশে ৬ লক্ষ ৩৭ হাজার যাত্রী যাতায়াত করেছেন। ৪ লক্ষ ৩ হাজারের বেশি যাত্রী আমার কলকাতা মেট্রো অ্যাপ থেকে টিকিট কেটেছেন বলে জানা গেছে।

********************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, ২০২৬-২৭ বিপণন মরসুমে রবি শস্যের ন্যূনতম সহায়ক মূল্য- MSP বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে, মুসুর ডালের ওপর কুইন্টাল প্রতি তিনশো টাকা MSP বৃদ্ধি পাবে। সরষের ন্যূনতম সহায়ক মূল্য আড়াইশ’ টাকা বৃদ্ধি পেয়েছে।

ডালের উৎপাদন বৃদ্ধি এবং ডালের ক্ষেত্রে স্বনির্ভরতার অর্জনের লক্ষ্যে আত্মনির্ভরতা মিশন'ও অনুমোদিত হয়েছে। এই প্রকল্পের জন্য আগামী ছ'বছরে সরকারের ১১ হাজার ৪৪০ কোটি টাকা খরচ হবে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, দেশে ৫৭-টি নতুন কেন্দ্রীয় বিদ্যালয় খোলার'ও ছাড়পত্র দিয়েছে। এর জন্য খরচ হবে ৫ হাজার ৮৬২ কোটিরও বেশি টাকা।

********************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, সরকারী কর্মচারী ও পেনশনভোগীদের জন্য আরও তিন শতাংশ মহার্ঘ্যভাতা ঘোষণা করেছে। চলতি বছরের পয়লা জুলাই থেকে এই সিদ্ধান্ত কার্যকর হওয়ায় তাঁরা এখন **৫৮ শতাংশ হারে** DA পাবেন।

নতুন দিল্লীতে গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর, তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সাংবাদিকদের বলেন, এরফলে ঊনপঞ্চাশ লক্ষেরও বেশী কেন্দ্রীয় সরকারী কর্মচারী এবং প্রায় ঊনসত্তর লক্ষ পেনশনভোগী উপকৃত হবেন।

কেন্দ্রীয় সরকারের DA ঘোষণার পরই রাজ্য সরকারী কর্মচারীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। রাজ্য সরকার কর্মচারীদের প্রাপ্য মহার্ঘ্যভাতা থেকে বঞ্চিত করছে বলে কর্মচারী সংগঠন, সংগ্রামী যৌথ মঞ্চ অভিযোগ করেছে। সংগঠনের আহ্বায়ক ভাস্কর ঘোষ বলেছেন, কেন্দ্রের ৩ শতাংশ DA বৃদ্ধির ফলে রাজ্যের সঙ্গে ফারাক বেড়ে হলো- চল্লিশ শতাংশ। রাজ্য কো-অর্ডিনেশন কমিটি, অবিলম্বে DA পার্থক্য মেটানোর দাবি জানিয়েছে। কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী আকাশবাণীকে জানিয়েছেন, DA-র এই ফারাকের কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বহু সরকারী কর্মচারী ও পেনশনভোগী।

( বাইট- বিশ্বজিৎ গুপ্ত )

DA মেটোনোর দাবিতে সোচ্চার হয়েছে বিভিন্ন শিক্ষক সংগঠন'ও।

********************

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৬-তম জন্মবার্ষিকী, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে উদ্‌যাপিত হচ্ছে। দিনটি 'আন্তর্জাতিক অহিংসা দিবস' হিসেবে পালিত হয়ে থাকে। দেশকে পরাধীনতার শৃঙ্খল থেকে মুক্ত করতে, ইংরেজ শাসনের বিরুদ্ধে গান্ধীজীর কঠোর সংগ্রাম, দেশবাসীকে আজ'ও উদবুদ্ধ করে।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস কলকাতার মেয়ো রোডে মহাত্মা গান্ধীর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন। সচিবালয় নবান্ন এবং বিধানসভা ভবনেও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হবে। বেলেঘাটার গান্ধী ভবন এবং কলকাতা পুরভবনে এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রীর ১২২-তম জন্মদিনে আজ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হচ্ছে। গান্ধীজীর আদর্শে অনুপ্রাণিত লালবাহাদুর শাস্ত্রী দেশের স্বাধীনতা আন্দোলনে গুরুত্বপূর্ণ অবদান রেখেছিলেন।

********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, জন্মলাভের পর থেকেই রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ-RSS, দেশভক্তি এবং জনসেবার সমার্থক হয়ে উঠেছে। দেশভাগের তীব্র যন্ত্রণার মধ্যেই, স্বয়ংসেবকরা তাদের সীমিত সামর্থ্যের সঙ্গে পীড়িত, বাস্তুচ্যুত মানুষের পাশে দাঁড়িয়েছেন বলে তিনি উল্লেখ করেছেন। দেশের অন্তরাত্মাকে শক্তি জোগাতে এই পদক্ষেপ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। নতুন দিল্লীতে গতকাল রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের শতবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী মোদী বলেন দেশ গঠন ও ক্ষমতায়নের লক্ষ্যে RSS কাজ করে চলেছে।

( বাইট- মোদী )

********************

সেবা ও সুশাসনের মন্ত্রে পরিচালিত, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ - 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার উত্তর-পূর্বাঞ্চলকে মূলধারায় নিয়ে আসছে এবং একে ভারতের উন্নয়নের চালিকা শক্তিতে পরিণত করছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- কাশফিন )

********************

পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরের উপর তৈরি গভীর নিম্নচাপটি অতি গভীর নিম্নচাপে পরিণত হয়ে ধীরে ধীরে উত্তর- উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে। শেষ রেডার পর্যবেক্ষণ অনুযায়ী এটি পুরী থেকে ৩৩০ কিলোমিটার দক্ষিণে এবং গোপালপুর থেকে ৩০০ কিলোমিটার দক্ষিণ

পূর্বে ও পারাদ্বীপ থেকে ৪০০ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছিল। আজ রাতের মধ্যে তা গোপালপুর ও পারাদ্বীপের মধ্য দিয়ে ওড়িশা ও সংলগ্ন অন্ধপ্রদেশ উপকূল অতিক্রম করতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

এর ফলে আজ দক্ষিণবঙ্গের উপকূলীয় জেলাগুলোতে বৃষ্টির পরিমাণ বাড়বে। ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে পারে। দক্ষিণ চব্বিশ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, কলকাতা ও হাওড়া জেলায় রয়েছে কমলা সর্তকতা। আজ থেকে উত্তরবঙ্গেও বৃষ্টি বাড়বে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হবিবুর রহমাণ বিশ্বাস।

মৎসজীবীদের আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। ইতোমধ্যেই গতরাতে থেকে দক্ষিণ ২৪ পরগণার বিভিন্ন প্রান্তে দমকা হাওয়া সহ বৃষ্টি শুরু হয়েছে। জেলার বিভিন্ন নদী ও জলাশয়ে প্রতিমা নিরঞ্জনের কথা মাথায় রেখে প্রশাসনের তরফে চলছে করা নজরদারি।

****************************************************************